

B.A. 6<sup>th</sup> Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: সাম্প্রতিক বাংলা সাহিত্য

Course Code: 60112

Course ID: AHBNG-602-C-14

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।  
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) কবি শঙ্খ ঘোষের জন্ম ও মৃত্যু কত খ্রিস্টাব্দে? তাঁর রচিত দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো।  
খ) সাম্প্রতিক কালের দু'জন নারীবাদী কবির নাম লেখো।  
গ) 'সাদা ঘোড়া' গল্পে সাদা ঘোড়াটিকে কী কী নামে অভিহিত করা হয়েছে?  
ঘ) "বুঝি না ঈশ্বর, বুঝি না বেদ।" - বক্তা কে? সে কাকে একথা বলেছে?  
ঙ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটি কোন পটভূমিতে রচিত হয়েছে?  
চ) 'একটি তুলসীগাছের কাহিনী' গল্পটি কত খ্রিস্টাব্দে লেখা হয়? গল্পটির বিষয়বস্তু কী?  
ছ) নাট্যকার শাঁওলী মিত্রের পিতামাতার নাম কী?

২। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ৫ = ১০

- ক) একুশ শতকের বাংলা কবিতার ভাবরূপ শঙ্খ ঘোষের কবিতায় কীভাবে আত্মপ্রকাশ করেছে বুঝিয়ে লেখো।  
খ) 'আদাব' গল্প অবলম্বনে লেখকের দৃষ্টিভঙ্গির পরিচয় দাও।  
গ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে প্রতিবাদী স্বর হিসাবে কালু কতখানি সফল চরিত্র বলে তোমার মনে হয়?  
ঘ) 'নাথবতী অনাথবৎ' বলতে নাট্যকার কী বুঝিয়েছেন লেখো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের দাও।

২ x ১০ = ২০

- ক) একুশ শতকের বাংলা কবিতার প্রকৃতি ও প্রকরণ সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো।  
খ) সৈয়দ ওয়ালীউল্লাহের 'একটি তুলসীগাছের কাহিনী' সাম্প্রদায়িকতা বিরোধী একটি মানবতাবাদী গল্প। আলোচনা করো।  
গ) 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসে একটি ভূখণ্ড যেন দু'টি পৃথিবী, পাশাপাশি অবস্থান করেছে যেখানে একটি আরেকটির সম্পূর্ণ বিপরীত - উপন্যাসে এই বক্তব্যটি কতটা সার্থকতা লাভ করেছে তা আলোচনা করো।  
ঘ) 'নাথবতী অনাথবৎ' নাটকে মহাভারতের নবায়ন ঘটেছে - ব্যাখ্যা করো।